ডকেট নং ১২৪
তারিখ ০১/০৬/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.lalmonirhat.gov.bd

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
লালমনিরহাট সদর, লালমনিরহাট।

স্মারক নং ৫১.০১.৫২০০.০০০.৪২.০১৬.২৫-৩৪৫

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪৩৩ / ৪ জুন, ২০২৬

**বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য –চাল ) কর্মসূচির আওতায় বিশেষ প্রকল্পের উপ-বরাদ্দ প্রদান।**

**সূত্রঃ (১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং ৫১.০১.০০০০.০১১.১৪.০০১.২৬-৩৫১ তারিখঃ ২৪-০৫-২০২৬ খ্রি.।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য-চাল) কর্মসূচির আওতায় লালমনিরহাট সদর উপজেলার অনুকুলে নিম্নবর্ণিত ২টি বিশেষ প্রকল্পের বিপরীতে ৬৫.০০০মে.টন চালের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত কাবিখা-খাদ্যশস্য-চাল) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর এর অনুকুলে নিম্নোক্তভাবে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম/বিবরণ | বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | বড়বাড়ী | বিদ্যাবাগিসম ওয়াপদা বাধ সংলগ্ন বাইজিদের বাড়ি হতে ছোট বাসুরিয়া আবাসনের হেরিং রাস্তা পর্যন্ত ও লিংক রাস্তায় মাটি ভরাট | ৪০.০০০ মে.টন চাল | |
| ০২ | ,, | ছিড়ামাললী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাট | ২৫.০০০ মে.টন চাল | |
| | | মোট= | ৬৫.০০মে.টন চাল | |

**শর্তাবলীঃ**

(১) ২০২৫-২০২৬ অর্থ বছরে বিশেষ প্রকল্পের বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০-০৬-২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

(২) এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিক ২০২১ (সংশোধনীসহ) যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৩) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/ বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা- খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ এর অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার ইউনিয়ননের নির্বাচিত সদস্যকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হরব;

(৪) এই ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১(চাল) এ হতে ব্যয় নির্বাহ করতে হবে;

(৫) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে;

(৬) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৭) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত/ আইন বিধির আওতায় আনতে হবে;

(৭) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/ জবাব দিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

(৮) কোন প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পের বরাদ্দকৃত অর্থ সরকারী কোষাগারে ফেরত প্রদান করতে হবে।

(৯) বরাদ্দ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে P. I. C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য (চাল) যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

(১০) গৃহীত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে বরাদ্দকৃত খাদ্যশস্য ছাড় করতে হবে।

(১১) খাদ্যশস্য ছাড় (ডিও) করার পূর্বে প্রকল্প তালিকা উপজেলার Facebook Page ও ওয়েব পোর্টালে প্রদর্শন করে এ অফিসকে অবহিত করতে হবে।

(১২) প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রতি সপ্তাহে নির্ধারিত ছকে অত্রাফিসে প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

(১৩) ভবিষ্যতে নিরীক্ষার জন্য যথাযথ হিসাব/ মাষ্টাররোল/ ভাউচার তার দপ্তরে সংরক্ষণ করতে হবে।

(মো: আব্দুল মতিন)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলা প্রশাসক লালমনিরহাট এর পক্ষে।
ফোনঃ ০২৫৮৯৯৮৬৮৭৯ (অঃ)

উপজেলা নির্বাহী অফিসার
লালমনিসরহাট সদর।

২১ জ্যৈষ্ঠ, ১৪৩৩

স্মারক নং ৫১.০১.৫২০০.০০০.৪২.০১৬.২৫-৩৪৫ তারিখঃ ০৪ জুন, ২০২৬

অনুলিপি মহোদয়ের সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরিত হলোঃ

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। প্রশাসক, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, লালমনিরহাট।
৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
৭। সিএ টু ডিসি, লালমনিরহাট। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮। জনাব মোঃ আব্দুল আজিজ, অফিস সহায়ক, এ কার্যালয়। তাকে জরুরী ভিত্তিতে বরাদ্দপত্রটি সংশ্লিষ্ট উপজেলায় পৌছানোর জন্য বলা হলো।
৯। অফিস কপি।

(মো: আব্দুল মতিন)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলা প্রশাসক লালমনিরহাট এর পক্ষে।